## আদিতমারী উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি মার্চ-২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : বিধান কান্তি হালদান
উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, আদিতমারী, লালমনিরহাট।
তারিখ : ২৪/০৪/২০২৫ খ্রি:
সময় : সকালঃ-১২.৫০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

আলোচ্য সূচিঃ-

০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক সিম্পর্কিত আলোচনা।
০৩। বিবিধ।

### আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেণ। এরপর তিনি কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বিগত সভার কার্যবিবরণী পাঠ করতে বলেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১। নারী ও শিশু নির্যাতন/যৌতুক/বাল্যবিবাহ প্রতিরোধ | বিগত মাসে নারী ও শিশু নির্যাতনের ঘটনা পর্যালোচনা করা হয়। বাল্যবিবাহ রোধে ইউনিয়ন পর্যায়ে সচেতনতামূলক কর্মসূচি আরও (জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও অন্যান্য সংশ্লিষ্টি কর্মকর্তা |
| ০২। মহিলাদের উন্নয়নমূলক প্রশিক্ষণ | শিক্ষিত বেকার মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আধুনিক দর্জি বিজ্ঞান এর মাধ্যমে প্রতি ৩মাস পরপর ৩০জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৩। ভিডব্লিউবি(vwb) অন্যান্য ভাতা কার্যক্রম | ভিডব্লিউবি (vwb) কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ২,৩৮৭ জন সুবিধাভোগীদের মাঝে প্রতিমাসে প্রতিজন ভাতাভোগীরকে ৩০কেজি হারে ২৪ মাস পর্যন্ত খাদ্যশস্য বিতরণ কার্যক্রমের সর্বশেষ অবস্থা পর্যলোচনা করা হয় এবং বিতরণ যেন সুষ্ঠুভাবে হয় তা নিশ্চিত করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ট্যাগ অফিসার, ইউপি, চেয়ারম্যানবৃন্দ |
| ০৫। মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋন বিতরণ | মহিলাদের আত্ন-কর্মসংস্থানের/আয়বর্ধক কাজের সহযোগীতার জন্য ক্ষুদ্র ব্যবসা, গরু পালন, ছাগল পালন ইত্যাদি কাজের উপর সর্বচ্চো ৭৫,০০০/- টাকা পর্যন্ত ২৪ মাসের সহজ কিস্তিতে ঋন প্রদান করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৬। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প | কিশোর-কিশোরীদের বাল্যবিবাহ রোধ, আত্নরক্ষা, অসমাজিক কাজ থেকে বিরত রাখা লক্ষ্যে অত্র উপজেলার ৮টি ইউনিয়নের নিকট বর্ত্তি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১০জন কিশোরী ও ২০জন কিশোরীকে নিয়ে সপ্তাহে প্রতি শুক্রবার ও শনিবার বিকাল ৩ঘটিতা থেকে ৫ঘটিকা পর্যন্ত | মহিলা বিষয়ক কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | |
|---|---|---|
| | সংগীত, আবৃত্তি, জেন্ডার ও কারাতে বিষয় শিক্ষা দেয়া হয় এবং ক্লাস শেষে আয়কর ও ভ্যাটসহ ১৫ টাকার নাস্তা বিতরণ করা হয় কর্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য কমিটির সদস্য এবং ইউপি চেয়ারম্যান কে মনিটরিং/পরিদর্শন বারানোর বিষয় সিদ্ধান্ত গৃহীত হয়। | |

বিবিধঃ-

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/০৪/২০২৫

(বিধান কান্তি হালদার)
উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং-৩২.০২.৫২০২.০০১.১২.২০২৫-৯১

তারিখঃ-২৪/০৪/২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো।

০১| জেলা প্রশাসক, লালমনিরহাট।
০২| উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট।
০৩| সকল সদস্য, উপজেলা মহিলা উন্নয়ন কমিটি।
০৪। চেয়ারম্যান..........................................ইউপি, আদিতমারী, লালমনিরহাট।
০৪। অফিস কপি।

২৪/০৪/২০২৫
(লায়লা আকতার বানু)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:)
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

CamScanner